গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।
www.basail.tangail.gov.bd

বাসাইল উপজেলা আইন-শৃংখলা কমিটির জুন ২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পাপিয়া আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল। |
| সভার তারিখ | : | ২৬ জুন ২০২৩। |
| সভার সময় | : | সকাল ১০.৩০ টা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, বাসাইল, টাঙ্গাইল। |
| উপস্থিতি | : | হাজিরা বহি মোতোবেক। |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয় এবং সভার সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন বিষয়ে পর্যায়ক্রমে আলোচনা করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার পরিচিতির মাধ্যমে বক্তব্য উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, এ মাসেই তিনি এ উপজেলায় যোগদান করেন। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে যাতে সম্পন্ন করতে পারেন এ বিষয়ে তিনি ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানবৃন্দসহ সকলের সহযোগিতা কামনা করেন।

চেয়ারম্যান, কাঞ্চনপুর ইউনিয়ন পরিষদ সভায় অবহিত করেন যে, কাঠালতলী রাস্তায় পবিত্র ঈদ-উল-আযহা উদযাপনের সময় একশ্রেণির তরুণ বেপোরোয়াভাবে মোটর সাইকেল চালানোর কারণে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। বর্ণিত স্থানে টহল পুলিশের নজরদারী বাড়ানোর জন্য অফিসার ইন-চার্জ, বাসাইল থানাকে অনুরোধ করেন।

চেয়ারম্যান, ফুলকী ইউনিয়ন পরিষদ সভায় জানান বর্তমানে তার ইউনিয়নের আইন-শৃংখলা পরিস্থিতি ভাল। তবে ক্ষেত্র বিশেষ বাল্য বিবাহের প্রবণতা রয়েছে এবং বর্তমানে মাদক নিয়ন্ত্রণে আছে। এছাড়া ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি ভাল।

চেয়ারম্যান, বাসাইল সদর ইউনিয়ন পরিষদ সভায় অবহিত করেন যে, বর্তমান বর্ষা মৌসুমে বাসুলিয়া বিলে পানি এসেছে। দূর-দূরান্ত থেকে অনেক দর্শনার্থী এখানে পরিবারসহ বেড়াতে আসে। এসময় অনেক তরুন মোটর সাইকেল নিয়ে এলোমেলো ঘুরতে থাকে। তাছাড়া টাঙ্গাইল-সখিপুর-তক্তার চালায় চলাচলের একমাত্র রাস্তা হওয়ায় প্রতিদিন বিকেল ৩টা হতে সন্ধা ৭ টা পর্যন্ত এখানে সিএনজি, মোটর সাইকেলসহ বিভিন্ন ধরণের পরিবহনের যানজট লেগেই থাকে। এ যানজট নিরসনের জন্য প্রতিদিন বিকেলে টহল পুলিশ জোড়দার করার জন্য অফিসার ইন-চার্জ, বাসাইল থানার দৃষ্টি আকর্ষণ করেন।

অফিসার ইন-চার্জ, বাসাইল থানা জানান, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে গরু চুরি বৃদ্ধি পেতে পারে। গরু চুরি রোধকল্পে সকলকে সতর্ক থাকার জন্য পরামর্শ প্রদান করেন। কোরবানীর হাট উপলক্ষ্যে উত্তরবঙ্গ হতে ঢাকা অভিমুখে গরু বোঝাই যে সব ট্রাক যাচ্ছে সেগুলো যানজট নিরসনের জন্য কাজ করে যাচ্ছে। তিনি আরো জানান, যে সকল লাইসেন্স বিহীন চালক/গাড়ী রাস্তায় পাওয়া যাবে তাদের মোবাইল কোর্টের মাধ্যমে আইনের আওতায় এনে জরিমানাসহ মামলা দায়ের করলে অবৈধভাবে মোটর সাইকেল চালানো কমে যাবে। এছাড়া তিনি উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি ভাল।

সভাপতি জানান, পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে বাসাইল উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সুষ্ঠু রাখার জন্য সকল ইউপি চেয়ারম্যানসহ অফিসার-ইন-চার্জ এর দৃষ্টি আকর্ষণ করেন। মাদক, যৌতুক, বাল্যবিবাহ, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ বিষয়ে পর্যায়ক্রমে সব ইউনিয়নে সভা করা হবে। সামাজিক সচেতনতা বৃদ্ধিতে উঠান বৈঠকগুলো কার্যকর করতে হবে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকলকে দায়িত্ব পালন করতে হবে।

অপরাধ চিত্র

| বিবেচ্য মাস মে ২০২৩ | খুন | ধর্ষণ | ডাকাতি/ দস্যুতা | অগ্নি-সংযোগ | অপহরণ | এসিড নিক্ষেপ | নারী ও শিশু নির্যাতন | জঙ্গি কার্যক্রম সংক্রান্ত | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | চুরি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ম পক্ষ | ০১ | - | - | - | ০২ | - | ০১ | - | - | - | ০১ | ০৫ |
| ২য় পক্ষ | ০১ | ০১ | ০১ | - | ০২ | - | - | - | - | - | ০৫ | ১০ |

চলমান পাতা-২

মাদকবিরোধী অভিযান পরিচালনা সংক্রান্ত তথ্য:

| বিবেচ্য মাস মে ২০২৩ | মাদক বিরোধী অভিযানের সংখ্যা | উদ্ধারকৃত উল্লেখযোগ্য মাদকদ্রব্যের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম পক্ষ | ০১ | ২২০ পিচ ইয়াবা | আসামী- ০১ জন<br>মামলার সংখ্যা-০১ |
| ২য় পক্ষ | ০৩ | চোলাই মদ-২০ লিটার<br>১০০ পিচ ইয়াবা | আসামী- ০৪ জন<br>মামলার সংখ্যা-০৩ |

মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত তথ্য:

| বিবেচ্য মাস এপ্রিল ২০২৩ | মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা | মোট মামলা সংখ্যা | দন্ডের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | অর্থদন্ড | কারাদন্ড | |
| ১ম পক্ষ | ০৪ | ০৪ | ১,১০০/- | - | |
| ২য় পক্ষ | ০২ | ০২ | ১,০০০/- | - | |
| মোট= | ০৭ | ০৮ | ২,১০০/- | - | |

সার্বিক আলোচনায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | পবিত্র ঈদ-উল-আযহার পূর্ববর্তী ও পরবর্তী সময়ে বাসাইল উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সুষ্ঠু রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অফিসার ইন-চার্জ/চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাসাইল, টাঙ্গাইল। |
| ০২ | নারী ও শিশু নির্যাতনের হার কমিয়ে আনার জন্য ইউনিয়ন পর্যায়ে আইন-শৃংখলা কমিটির সভা নিয়মিতভাবে করতে হবে। নারী ও শিশু নির্যাতন রোধ, বাল্য বিবাহ, যৌতুক বন্ধে উঠান বৈঠকসহ সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণামূলক কার্যক্রম ও সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। জুম্মার নামাজের আগে ও ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সভায় মাদক, বাল্যবিবাহ ও জঙ্গিবাদের কুফল সর্ম্পকে বক্তব্য প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইন-চার্জ/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/চেয়ারম্যান (সকল) ইউপি/ইমাম, সংশ্লিষ্ট সকল মসজিদ, বাসাইল, টাঙ্গাইল। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০২।০৭।২০২৩

পাপিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃংখলা কমিটি
বাসাইল, টাঙ্গাইল।
☎: ৯৯৭৭-৫৫৪০১
✉: unobasail@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৯৩০৯.০০০.১৮.০০২.২১- ৬৮৮(৪০)

তারিখ : ১৮ আষাঢ় ১৪৩০
০২ জুলাই ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৭, টাঙ্গাইল-৮ (বাসাইল-সখিপুর)।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. উপজেলা চেয়ারম্যান, বাসাইল, টাঙ্গাইল।
৪. মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
৬. সহকারী কমিশনার(ভূমি), বাসাইল, টাঙ্গাইল/অফিসার ইনচার্জ, বাসাইল থানা/উপজেলা ........................................ কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।
৭. সহকারী প্রোগ্রামার, বাসাইল। (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৮. চেয়ারম্যান (সকল) ........................................ ইউনিয়ন পরিষদ,বাসাইল, টাঙ্গাইল।
৯. সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, বাসাইল, টাঙ্গাইল।
১০. অধ্যক্ষ, বাসাইল ডিগ্রী কলেজ/সরকারি জোবেদা-রুবেয়া মহিলা কলেজ, বাসাইল, টাঙ্গাইল
১১. প্রধান শিক্ষক, ........................................ উচ্চ বিদ্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
১২. সভাপতি/সম্পাদক, ........................................ বাসাইল, টাঙ্গাইল।
১৩. সভাপতি/সম্পাদক, ........................................ প্রেস ক্লাব/রিপোর্টার্স ইউনিটি, বাসাইল, টাঙ্গাইল।
১৪. জনাব ........................................ বাসাইল, টাঙ্গাইল।

০২/০৭/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
বাসাইল, টাঙ্গাইল।